

APR 11 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ

পূর্ন ... কলাম ...

**চট্টগ্রাম ভাসিটি ছাত্রী
শীলতাহানির দায়ে অভিযুক্ত
শিক্ষকের অপসারণ দাবী**

চট্টগ্রাম অফিস ১১ ক্যাম্পাসে বিভাগীয় ছাত্রী
শীলতাহানির দায়ে অভিযুক্ত চট্টগ্রাম ভাসিটির আরবী
বিভাগের একজন সহকারী অধ্যাপকের অপসারণের
দাবীতে সাধারণ ছাত্রীরা গতকাল বুধবার লাইব্রেরী চত্বরে
প্রতীক অনশন কর্মসূচী পালন করেছে। ছাত্রীরা এ
শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তিও দাবী করে। অনশন কর্মসূচী
পালনকালে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা গত বছরের ৯ই
ডিসেম্বর ১ম বর্ষের একজন ছাত্রী শীলতাহানির জন্য
আরবী বিভাগের সহকারী অধ্যাপক এস এম রফিকুল
আলমকে দায়ী করেন। বক্তারা বলেন, এ ঘটনাটির
চাক্ষুণ্য সাক্ষী থাকা সত্ত্বেও তদন্ত কমিটির রিপোর্ট প্রদানে
বিলম্ব এবং ঘটনাটিকে ধামাচাপা দিতে একটি মহলের
প্রচেষ্টা দুঃখজনক। এতে বক্তব্য রাখেন মুন্নী, সুমী,
তসলিমা এবং রিতু চাকমা। ছাত্রীরা কর্মসূচী পালনকালে
মুখে কাপো নেকাব বেঁধে এ ব্যাপারে অভিযুক্ত শিক্ষকের
নাম লিখে তার অপসারণ দাবী জানান।